

Release of Commemorative Postage Stamp for 70th Anniversary of Diplomatic Relations between India and Germany

June 10, 2021



ভারত এবং জার্মানির মধ্যে রাজনৈতিক সম্পর্কের ৭০ তম বার্ষিকী উদযাপনের স্মারক ডাকটিকিট প্রকাশ

জুন 10,2021

মার্চ 7, 2021 তারিখটি ভারত এবং জার্মানির মধ্যে রাজনৈতিক সম্পর্ক উদযাপনের ৭০ তম বার্ষিকী হিসেবে চিহ্নিত হয়েছে। ভারত এবং জার্মানিতে ২০২১-২০২২ সাল ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে এই বর্ষপূর্তি অনুষ্ঠান উদযাপনের জন্য দুইদেশ পরিকল্পনা গ্রহণ করেছে।

এই উৎসব পালনের অঙ্গ হিসেবে ভারত সরকারের ডাক বিভাগ এবং জার্মান যুক্তরাষ্ট্রীয় অর্থমন্ত্রকের ডাকটিকিট শাখা উভয়ে স্মারক ডাকটিকিট প্রকাশ করবে। শ্রীমতি গুলিস্তান ভারতের ডাকটিকিটের এবং ম্যাথিহাস উইটিং জার্মানির ডাকটিকিটের নকশা প্রস্তুত করেছেন। ভারতীয় ডাকটিকিটটি জুন 10,2021 তারিখে ডাকবিভাগের সচিব শ্রী বিনীত পান্ডে এবং ভারতে জার্মান রাষ্ট্রদূত মিস্টার ওয়ালটার লিন্ডনারের সঙ্গে ভারতের বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলা প্রকাশ করেন।

বিদেশ সচিব (ভারত-জার্মানি সম্পর্কের ৭০তম বার্ষিকী উদযাপনে ডাকটিকিট প্রকাশে বিদেশ সচিবের মন্তব্য) ঘনিষ্ঠ রাজনৈতিক এবং অর্থনৈতিক সম্পর্কের ভিত্তিকে এবং দুইদেশের জনগণের সাথে জনগণের দৃঢ় যোগাযোগকে বিশেষ ভাবে উল্লেখ করেছেন যেটি ভারত-জার্মানির মধ্যে সম্পর্কের পরিচায়ক। তিনি স্বাস্থ্য, রিসার্চ এবং ডেভেলপমেন্ট এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে পারস্পরিক দীর্ঘস্থায়ী সহযোগিতার সম্পর্কে বলেন যা কিনা কোভিড-১৯ অতিমারি কালে বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

সচিব অতিমারির পরবর্তী কালে বহুমেরু এবং আইনভিত্তিক শৃংখলাকে সুনিশ্চিত করার জন্য জার্মানির সাথে ঘনিষ্ঠ সহযোগিতার গুরুত্বের উপরে রেখাপাত করেছেন। এই রাজনৈতিক সম্পর্কের ৭০ বছর উদযাপনের গুরুত্বপূর্ণ মাইলফলকের জন্য উভয়দেশের জনগণকে তিনি শুভেচ্ছা জানিয়েছেন।

ভারতীয় ডাকটিকিট



जार्मान डाकटिकिटे



নিউ দিল্লি

জুন 10,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.